পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/১০৫৭

তারিখ ঃ ০৭ সেপ্টেম্বর ২০২৪ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

<table>
<tr><th>অনুষদ</th><th>বিভাগের নাম, পদের নাম, বেতনস্কেল ও গ্রেড</th><th>পদের সংখ্যা</th><th>শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা</th></tr>
<tr><td rowspan="2">ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি</td><td>(১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
অধ্যাপক (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩)</td><td>০১টি</td><td rowspan="2">১. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
২. (ক) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে।
(খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ থাকতে হবে।
৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৫(পাঁচ) বছরসহ ন্যূনতম ১৬(ষোল) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং বিষয় সংশ্লিষ্ট মোট ০৮(আট) টি প্রকাশনা থাকেতে হবে যার মধ্যে সহযোগী অধ্যাপক পদে থাকাকালীন কোন স্বীকৃত জার্নালে অন্তত: ০৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে।
৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪(চার) বছরসহ ন্যূনতম ১৪(চৌদ্দ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। কমপক্ষে ০৪(চার)টি স্নাতকোত্তর পর্যায়ের থিসিস গবেষণা পরিচালনা (Supervision) এর অভিজ্ঞতা এবং স্বীকৃত (referred) জার্নালে বিষয় সংশ্লিষ্ট অন্ততঃ ০৮(আটটি) প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক পদে থাকাকালীন কোন স্বীকৃত জার্নালে অন্তত: ০৪(চার) টি প্রকাশনা থাকতে হবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪(চার) বছরসহ ন্যূনতম ১২(বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। কমপক্ষে ০৫(পাঁচ)টি স্নাতকোত্তর পর্যায়ের থিসিস গবেষণা পরিচালনা (Supervision) এর অভিজ্ঞতা ও স্বীকৃত (referred) জার্নালে বিষয় সংশ্লিষ্ট অন্ততঃ ১০(দশ)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে সহযোগী অধ্যাপক পদে থাকাকালীন কোন স্বীকৃত জার্নালে অন্তত: ০৪(চার) টি প্রকাশনা থাকতে হবে।</td></tr>
<tr><td>(২) ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
অধ্যাপক (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩)</td><td>০১টি</td></tr>
</table>

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর ২০২৪ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (**২৬ সেপ্টেম্বর ২০২৪ ইং**) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৪:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট **(www.pust.ac.bd)**-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৮(আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) স্বীকৃত জার্নাল বলতে ISSN নম্বর সম্বলিত **Peer Reviewed** গবেষণা জার্নাল অথবা ISBN নম্বর সম্বলিত গবেষনা পুস্তক/ জার্নাল বুঝাবে।

৫) বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে এবং যে কোন একটি শর্ত শিথিলযোগ্য হবে। এছাড়াও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক প্রকাশনার অতিরিক্ত ০২(দুই)টি (প্রথম গবেষক হিসেবে একটি ও সহযোগী গবেষক হিসেবে একটি) প্রকাশনার জন্য ০৬(ছয়) মাস এবং আরও অতিরিক্ত ০২(দুই)টি (প্রথম গবেষক হিসেবে একটি ও সহযোগী গবেষক হিসেবে একটি) প্রকাশনার জন্য আরও ০৬(ছয়) মাস রেয়াত সুবিধা প্বাবেন এবং ০২(দুই) পদে সর্বোচ্চ ১(এক) বছর রেয়াতি সুবিধা প্রাপ্য হবেন।

৬) ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির শিক্ষকগণ যাঁহারা ২০/০৩/২০১৫ খ্রি. তারিখের পূর্বে এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষক পদে যোগদান করেছেন, তাঁদের পক্ষে যদি যথার্থই উচ্চতর ডিগ্রি (এমফিল) করা সম্ভব না হয় উচ্চতর পদে আবেদনের জন্য তাঁদের প্রথম গবেষক (Principal author) হিসেবে বিষয় সংশ্লিষ্ট আরও ০২টি অতিরিক্ত প্রকাশনা থাকলে প্রার্থী রেয়াতযোগ্য হিসেবে বিবেচিত হতে পারেন।

৭) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

১০) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১) পাবনা বিজ্ঞান ও **প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৬০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

07/09/2024

রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।